# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ৬৪৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

بَابُ التَّيَمُّمِ

আরবী

حَدَّثَنَا أَبُو عُمَرَ مُحَمَّدُ بْنُ يُوسُفَ ، نَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ ، نَا أَبُو صَالِحٍ ، حَدَّثَنِي اللَّيْثُ ، حَدَّثَنِي جَعْفَرُ بْنُ رَبِيعَةَ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ هُرْمُزَ الْأَعْرَجِ ، عَنْ عُمَيْرٍ مَوْلَى ابْنِ عَبَّاسٍ ، أَنَّهُ سَمِعَهُ يَقُولُ : أَقْبَلْتُ أَنَا وَعَبْدُ اللَّهِ بْنُ يَسَارٍ مَوْلَى مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ حَتَّى دَخَلْنَا عَلَى أَبِي الْجُهَيْمِ بْنِ الْحَارِثِ بْنِ الصِّمَّةِ الْأَنْصَارِيِّ ، فَقَالَ أَبُو الْجُهَيْمِ : " أَقْبَلَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مِنْ نَحْوِ بِئْرِ جَمَلٍ ، فَلَقِيَهُ رَجُلٌ فَسَلَّمَ عَلَيْهِ ، فَلَمْ يَرُدَّ عَلَيْهِ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ السَّلَامَ حَتَّى أَقْبَلَ عَلَى الْجِدَارِ ، فَمَسَحَ بِوَجْهِهِ وَذِرَاعَيْهِ ، ثُمَّ رَدَّ عَلَيْهِ السَّلَامَ

বাংলা

৬৪৭(৩). আবু উমার মুহাম্মাদ ইবনে ইউসুফ (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ)-এর মুক্তদাস উমাইর থেকে বর্ণিত। তিনি তাকে বলতে শুনেছেন, আমি এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী মায়মূনা (রাঃ)-এর মুক্তদাস আবদুল্লাহ ইবনে ইয়াসার এসে আবুল জুহাইম ইবনুল হারিছ ইবনুস সিম্মা আল-আনসারী (রাঃ)-এর নিকট প্রবেশ করলাম। আবুল জুহাইম (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জামাল কূপের দিক থেকে এলেন। এক ব্যক্তি তাঁর সঙ্গে সাক্ষাৎ করে তাকে সালাম দিলো। তিনি তার সালামের উত্তর না দিয়ে একটি দেয়ালের নিকট এসে (তাতে হাত স্পর্শ করে) নিজের মুখমণ্ডল ও উভয় হাত কনুই সমেত মসেহ করেন, তারপর তার সালামের উত্তর দেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উমায়র (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80436

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন